রলিয়াম-২০ (ভেট) ওরাল পাউডার
Rolium-20 (Vet) Oral Powder
(Amprolium Hydrochloride USP)

কার্যকরী উপাদানঃ
প্রতি ১০০ গ্রামে রয়েছে-
এম্প্রোলিয়াম হাইড্রোক্লোরাইড ইউএসপি ২২.৬১৯ গ্রাম
(যাহা ২০.০০ গ্রাম এম্প্রোলিয়াম ইউএসপি এর সমতূল্য)

বিবরণঃ এম্প্রোলিয়াম হাইড্রোক্লোরাইড একটি পানিতে দ্রবণীয় ব্রড স্পেকট্রাম কক্সিডিওস্ট্যাট ঔষধ। এটি পোল্ট্রি ও টার্কির কক্সিডিওসিস রোগের প্রতিরোধ ও চিকিৎসায় ব্যবহার করা হয়।

ফার্মাকোলজি/কার্যপ্রণালীঃ এম্প্রোলিয়াম এর রাসায়নিক গঠন থায়ামিন (ভিটামিন বি১) এর সাথে সাদৃশ্যপূর্ণ হওয়ায় এটি এর বিরোধী হিসাবে কাজ করে। ফলস্বরূপ, অত্যাবশ্যক ভিটামিন বি১ এর অভাবের কারণে প্রটোজোয়া প্রজনন বা বংশবৃদ্ধি করতে পারে না এবং শেষ পর্যন্ত ধ্বংস হয়।

নির্দেশনা/ব্যবহার ক্ষেত্রঃ
আইমেরিয়া (Eimeria) নামক প্রটোজোয়ার বিভিন্ন প্রজাতি দ্বারা সৃষ্ট মোরগ-মুরগি ও অন্যান্য প্রাণির কক্সিডিয়া বা রক্ত আমাশয়ের প্রতিরোধ ও চিকিৎসায় ব্যবহার্য।

মাত্রা ও প্রয়োগ বিধিঃ
পোল্ট্রিতেঃ
চিকিৎসায়- রোগের তীব্রতা অনুযায়ী ১-১.৫ গ্রাম **রলিয়াম-২০** পাউডার ১ লিঃ বিশুদ্ধ পানিতে মিশিয়ে ৩-৫ দিন খাওয়াতে হবে।
প্রতিরোধে- ১ গ্রাম **রলিয়াম-২০** পাউডার ৪ লিঃ বিশুদ্ধ পানির সাথে অথবা ৬০ গ্রাম **রলিয়াম-২০** পাউডার ১০০ কেজি খাদ্যের সাথে মিশিয়ে খাওয়াতে হবে।
গরু মহিষ, ছাগল, ভেড়াতেঃ
প্রতি ২০ কেজি দৈহিক ওজনের জন্য ৫ গ্রাম **রলিয়াম-২০** পাউডার ৩-৫ দিন খাওয়াতে হবে।
অথবা রেজিস্টার্ড প্রাণি চিকিৎসকের পরামর্শ অনুযায়ী ব্যবহার্য।

প্রতিনির্দেশনাঃ এম্প্রোলিয়াম, থায়ামিন (ভিটামিন বি১) এর সাথে একত্রে ব্যবহার করা উচিত নয়।

সতর্কতাঃ এম্প্রোলিয়াম দীর্ঘদিন ব্যবহারের ফলে সকল এন্টিকক্সিডিয়াল ঔষধের মত স্ট্রেন সমূহ রেসিস্ট্যান্ট হতে পারে। ক্রস রেসিস্ট্যান্ট প্রতিরোধের জন্য অন্যান্য এন্টিকক্সিডিয়াল ঔষধ যা এম্প্রোলিয়ামের অনরূপ মোড অব অ্যাকশন/কার্যপ্রণালী প্রদর্শন করে তা এক সাথে ব্যবহার করা উচিত নয়। ঔষধ মিশ্রিত খাবার পানি ২৪ ঘন্টার মধ্যে ব্যবহার করা উচিত।

পার্শ্বপ্রতিক্রিয়াঃ
সাধারণ পার্শ্বপ্রতিক্রিয়াঃ উল্লেখিত মাত্রা অনুযায়ী সঠিকভাবে ব্যবহার করলে কোন পার্শ্বপ্রতিক্রিয়া পরিলক্ষিত হয় না।
বিরল পার্শ্বপ্রতিক্রিয়াঃ দীর্ঘ মেয়াদে উচ্চ মাত্রায় এম্প্রোলিয়াম ব্যবহারের ফলে প্রাণির ভিটামিন বি১-এর অভাব জনিত সমস্যা দেখা দিতে পারে।

গর্ভবতী, দুগ্ধবতী বা ডিমপাড়া প্রাণিতে ব্যবহারঃ ল্যাবরেটরির গবেষণায় প্রাণিতে এম্প্রোলিয়াম ব্যবহার ফলে টেরাটোজেনিক প্রভাবের কোনো প্রমাণ পাওয়া যায়নি। ডিমপাড়া প্রাণিতে বিপদ ও সুবিধাসমূহ বিবেচনা করে রেজিস্টার্ড প্রাণি চিকিৎসকের পরামর্শ অনুযায়ী ব্যবহার করা উচিত।

ঔষধের মিথষ্ক্রিয়াঃ উচ্চ মাত্রায় থায়ামিন (ভিটামিন বি১) এর ব্যবহারের ফলে এম্প্রোলিয়ামের কার্যকারীতা হ্রাস পেতে পারে।

মাত্রাধিক্যতাঃ দীর্ঘ মেয়াদে উচ্চ মাত্রায় এম্প্রোলিয়াম ব্যবহারের ফলে প্রাণির ভিটামিন বি১-এর অভাব জনিত সমস্যা দেখা দিতে পারে।

প্রত্যাহার কালঃ মাংস- ৩ দিন; দুধ-৩ দিন এবং ডিম-প্রযোজ্য নহে।

সংরক্ষণঃ সকল ঔষধ শিশুদের নাগালের বাইরে রাখুন। আলো থেকে দূরে, ঠান্ডা (৩০°সেঃ তাপমাত্রার নিচে) ও শুষ্ক স্থানে রাখুন।

সরবরাহঃ ১০ গ্রাম, ২০ গ্রাম, ১০০ গ্রাম, ৫০০ গ্রাম ও ১০০০ গ্রাম কৌটা/স্যাশেটে সরবরাহ করা হয়।



প্রস্তুতকারক ঃ
সুপার পাওয়ার ফার্মাসিউটিক্যালস্ লিঃ
বেলাব, নরসিংদী, বাংলাদেশ।
Super Power Web: www.superpowerpharma.com